# কমিউনিটি কেয়ার গ্রান্ট

কমিউনিটি কেয়ার গ্রান্ট থেকে যে আর্থিক সাহায্য দেওয়া হয়, সেই অর্থ ফেরত দিতে হয় না। এই গ্রান্ট বা অনুদানের জন্য আপনি দাবী করতে পারেন যদি আপনি ইনকাম সাপোর্ট পেয়ে থাকেন অথবা এটা সম্ভব যে আগামী ছয় সপ্তাহের ভিতর পাবেন। এটা হতে পারে যখন আপনার হাসপাতাল, নার্সিং হোম অথবা জেল থেকে ছাড়া পাওয়ার সম্ভাবনা এবং ইনকাম সাপোর্টের জন্য দাবী করতে পারেন।

**আপনাকে এই আর্থিক অনুদান দেওয়ার কথা বিবেচনা করা হবে যদি নিম্নলিখিতগুলি আপনার ক্ষেত্রে প্রযোয্য হয়:-**

- আপনি বা আপনার পরিবারের কোন সদস্য, অথবা অন্য কোন ব্যক্তি, যাকে আপনি বা আপনার পরিবার দেখাশোনা করবেন যিনি, কোন প্রতিষ্ঠান(institution) বা যত্ন নেওয়ার বাড়ী(residential care) থেকে ছাড়া পাওয়ার পর নিজেকে সমাজে পুনঃপ্রতিষ্ঠা করার চেষ্টা করছেন।
- আপনি বা আপনার পরিবারের কোন সদস্য, অথবা অন্য কোন ব্যক্তি, যাকে আপনি বা আপনার পরিবার দেখাশোনা করবেন, যাতে তিনি সমাজে বাস করতে পারেন, এবং তাকে কোন প্রতিষ্ঠানে(institution) বা যত্ন নেওয়ার বাড়ীতে (residential care) যেতে না হয়।
- আপনার পরিবারের উপর থেকে অস্বাভাবিক চাপ সহজ করার জন্য।
- আপনাকে অথবা আপনার সঙ্গিকে একজন বন্দী বা অল্পবয়সী অপরাধী, যাকে অস্থায়ীভাবে ছাড়া হয়েছে, তার দেখাশোনা করার জন্য।
- কতকগুলি বিশেষ ক্ষেত্রে আপনি এবং আপনার পরিবারের এইজন বা তার বেশী সদস্যকে ইউ কের ভিতরে যাতায়াত করার খরচার ব্যপারে সাহায্য করবার জন্য।

## *যাতায়াতের খরচা দেওয়া হবে যেখানে:-*

১. আপনার অসুস্থ আত্মীয়কে, সঙ্গীকে অথবা, কোন কোন ক্ষেত্রে ঘনিষ্ঠ বন্ধুকে দেখবার জন্য যাবেন।
২. কোন আত্মীয়ের অন্তেষ্টিক্রিয়ায় যাবার জন্য
৩. পারিবারিক চাপ দূর করার জন্য
৪ যখন একটা উপযুক্ত বাড়ীতে যাওয়ার জন্য বাড়ী বদলাবেন
৫. আপনাদের সন্তানের দায়িত্ব কে নেবেন এটা ঠিক করার জন্য কোর্টে কেস হবে সেখানে হাজির হওয়ার জন্য।

**আপনি যখন কমিউনিটি কেয়ার গ্রাণ্ট/বাজেটিং লোনের জন্য আবেদন করবেন তখন ৫০০ পাউন্ড পর্য্যন্ত জমানো টাকা এই অনুদানের হিসাবের ভিতর ধরা হয় না। যদি আপনি বা আপনার সঙ্গীর বয়স ৬০ বৎসরের উপর হয়, তাহলে ১০০০ পাউন্ড পর্য্যন্ত এই হিসাবের ভিতর ধরা হয় না।**

## নোট

**সোসাল ফান্ডের অনুদান হচ্ছে স্বেচ্ছাধীন। তার মানে হল যদিও আপনার এই অনুদান পাবার যোগ্যতা থেকে থাকে তাহলেও আপনি এটা নাও পেতে নাও পারেন। এর ভান্ডারে থাকে সীমিত পরিমান অর্থ, সোসাল ফান্ড সেই পরিমানের বেশী খরচা করতে পারে না।**

## আবেদন করা

**সোসাল সিকিউরিটির(DSS) অফিস থেকে এস এফ ৩০০(SF 300) ফর্ম এনে পূরণ করুন। আপনার যে কারণে অর্থের প্রয়োজন, তার পরিমান কম করে ধরবেন না। ঠিকমত দাম বের করার জন্য স্থানীয় দোকানের ক্যাটালগ ব্যবহার করুন।**

**যদি আপনার অবস্থার পরিবর্তন না হয়ে থাকে তাহলে, একই জিনিস অথবা ব্যবস্থার জন্য ২৬ সপ্তাহের ভিতর আরেকবার দাবী জানাতে পারবেন না।**

## *সিদ্ধান্ত নেওয়া এবং অগ্রাধিকার দেওয়া*

সোসাল ফান্ড অফিসারদের প্রত্যেকটা আবেদনের নিজস্ব অবস্থা বিচার করে দেখতে হবে

এর ভিতর আছে:

- প্রত্যেকটা আবেদন কতটা জরুরী
- এর প্রয়োজন অন্য কোনভাবে মেটানো যায় কি না
- ভান্ডারে কতটা অর্থ আছে

যে অবস্থাগুলি জরুরীত্বের উপর প্রভাব ফেলতে পারে সেগুলি হল:

- শারীরিক এবং মানসিক বিকলাঙ্গতা
- অসুস্থতা এবং সাধারন দুর্ব্বলতা

- শারীরিক অথবা সামাজিক অপব্যবহার বা অবহেলা
- দীর্ঘদিন ধরে রাস্তায় বা বাইরে ঘুমানো
- অদৃঢ়(unstable) পারিবারিক অবস্থা
- আচার আচরনের সমস্যা, যেমন ড্রাগ অথবা মাদকদ্রব্যের অপব্যবহারের জন্য

আপনি যদি কোন জিনিষ কেনার জন্য অথবা কোন সেবা ব্যবস্থার জন্য যদি কোন অর্থ ধার করে থাকেন এবং সেগুলি কমিউনিটি কেয়ার তালিকাভুক্ত না হয়, তাহলেও সেই দেনা মেটাবার জন্য আপনি কমিউনিটি কেয়ার গ্রান্টের/ অনুদানের জন্য আবেদন করতে পারেন।

আপনাকে যে অনুদান দেওয়া হয়েছে, আপনি যদি তাতে সন্তুষ্ট না হন তাহলে পুনর্বিবেচনার(review) জন্য অনুরোধ করতে পারেন।

## *কৌশলগুলি*

- আপনার যদি যোগ্যতা থাকে তাহলে আপনার বাজেটিং লোন বা ক্রাইসিস লোনের জন্য আবেদন না করে সর্ব্বদাই কমিউনিটি কেয়ার গ্রান্টের জন্য আবেদন করা উচিত। তাদের তালিকার নিষিদ্ধ বস্তুগুলি ছাড়া আপনি অন্য যে কোন জিনিষের জন্য আবেদন করতে পারেন।
- আপনি যখন আবেদনপত্র, এস এফ ৩০০(SF 300) পুরণ করবেন তখন আপনি যে বস্তুর জন্য আবেদন করেছেন তার বিস্তারিত বিবরন দেবেন এবং তার যথাযথ বর্ননা দিতে চেষ্টা করবেন (যেমন: ফার্নিচার বা জামাকাপড় যা যা প্রয়োজন, তার জন্য ফার্নিচার বা জামাকাপড় না লিখে, প্রত্যেকটা জিনিষ আলাদা আলাদা ভাবে বর্ননা করবেন) এবং তার আসল বা আনুমানিক দাম জানাবেন। যে জিনিষগুলি কমিউনিটি কেয়ার গ্রান্ট তালিকার বহির্ভূত, সেই জিনিষগুলির জন্য আপনি কমিউনিটি কেয়ার গ্রান্ট পেতে পারেন না। প্রয়োজন পড়লে একজন ওয়েলফেয়ার রাইট্স অফিসারকে এ বিষয়ে জিজ্ঞাসা করুন।
- আপনার আবেদনে এটা প্রতিষ্ঠা করতে হবে যে আপনার কমিউনিটি কেয়ার গ্রান্টের প্রয়োজন কারন ১ নম্বর পাতায় যে অবস্থাগুলির বর্ননা করা হয়েছে তার যে কোন একটা কারনের জন্য, যেমন, যে ব্যক্তির জন্য আপনি গ্রান্ট চাইছেন, সেটা সেই ব্যক্তিকে সমাজে পুনঃপ্রতিষ্ঠা বা থাকতে সাহায্য করবে অথবা আপনার এবং আপনার পরিবারের উপরে যে অস্বাভাবিক চাপ পড়েছে, সেটা কমাবে.
- আপনাকে এটাও দেখাতে হবে যে কেন আপনার আবেদনকে অগ্রাধিকার দেওয়া উচিৎ। এটা মনে রাখবেন যে কোন আবেদনপত্র অগ্রাধিকারের যোগ্য সে সম্বন্ধে সোসাল ফান্ডের নির্দেশিকায়(guidance) বলা হয়েছে। এই স্থানীয় নির্দেশিকা আপনার স্থানীয় এলাকার অফিস থেকে পেতে পারেন এবং প্রয়োজন হলে এর থেকে উদাহরন দিতে পারেন। আবেদন পত্রের সঙ্গে ডাক্তার অথবা সোসাল ওয়ার্কারের সাহায্যকারী চিঠিও পাঠাতে পারেন।

## *কি কি বিষয় পুনর্বিবেচনার(review) করা হতে পারে*

**আপনি সোসাল সিকিউরিটিকে পুনর্বিবেচনার জন্য অনুরোধ করতে পারেন যদি:**

১. আপনার গ্রান্টের আবেদন বাতিল করা হয়েছে
২. আপনি গ্রান্ট এবং লোন দুইটির জন্য আবেদন করেছিলেন এবং সোসাল সিকিউরিটি আপনাকে লোন দিয়েছে
৩. আপনাকে যে পরিমান অনুদান দেওয়া হয়েছে আপনি সেই ব্যপারে সন্তুষ্ট নন। আপনি এই অর্থ গ্রহণ করেও পুনর্বিবেচনার(review) জন্য অনুরোধ করতে পারেন।

## *পুনর্বিবেচনার (review) জন্য অনুরোধ করা*

আপনার আবেদনের সিদ্ধান্তের পুনর্বিবেচনার(review) জন্য সিদ্ধান্তের ২৮ দিনের মধ্যে স্থানীয় সোসাল সিকিউরিটির অফিসে লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।

আপনি কেন এই সিদ্ধান্তের পুনর্বিবেচনা(review) চাইছেন সে সম্বন্ধে বিস্তারিত কারন জানান। সোসাল সিকিউরিটি যাতে সব বিস্তারিত খবর এবং সমস্যা সম্বন্ধে জানতে পারে সেটা নিশ্চিত করুন। আপনার কেন এই অনুদানের প্রয়োজন এবং এই অনুদান না পেলে আপনাকে কি ধরনের কঠিন অবস্থায় পড়তে হবে সেটা তাদের জানান। যদি সম্ভব হয় তাহলে আপনার ডাক্তার, সোসাল ওয়ার্কার, প্রবেশন অফিসার অথবা হেলথ ভিজিটারের কাছ থেকে সাহায্যকারী চিঠি পাঠান। নিম্নলিখিত কারনগুলির জন্য সোসাল ফান্ড অফিসারকে অবশ্যই আপনার আবেদনের পুনর্বিবেচনা(review) করতে হবে।

১. যখন সিদ্ধান্ত নেওয়া হয়েছিল, তখন আপনার আবেদনের সঙ্গে জড়িত কোন একটা উল্লেখযোগ্য বিষয় সোসাল সিকিউরিটি জানা ছিল না।
২. যখন প্রথম আবেদন করা হয়েছিল তখন থেকে অবস্থার পরিবর্ত্তন হয়েছে।

যদি সোসাল সিকিউরিটি পুনর্বিবেচনা(review) করতে রাজী হয় তাহলে তারা আপনাকে সেটা লিখিতভাবে জানাবে এবং আপনাকে তাদের অফিসে গিয়ে এ সম্বন্ধে আলোচনা করবার জন্য ইন্টারভিয়্যুতে ডাকবে। এই ইনটারভিয়্যুতে আপনার বন্ধু বা প্রতিনিধিকে সঙ্গে নিতে পারেন। আপনি যদি তাদের অফিসে না যেতে পারেন, তাহলে আপনার জন্য হোমভিজিটের ব্যবস্থা করা যেতে পারে। টেলিফোনেও এই ইন্টারভিয়্যুয়ের ব্যবস্থা করা সম্ভব।

## *অধিকতর পুনর্বিবেচনার (review) জন্য অনুরোধ করা*

আপনি যদি পুনর্বিবেচনার(review) সিদ্ধান্তে সন্তুষ্ট না হন তাহলে আপনি সোসাল ফান্ডের ইনিসপেকটরকে অধিকতর পুনর্বিবেচনার (review) জন্য অনুরোধ করতে পারেন। প্রথম পুনর্বিবেচনার(review) সিদ্ধান্তের ২৮ দিনের ভিতর লিখিতভাবে এই অনুরোধ জানাতে হবে।

সোসাল ফান্ড ইনিসপেকটরস অফিস(Social Fund Inspectors Office) যখন আপনাকে কাগজ পত্র পাঠাবে তার কয়েকদিনের মধ্যেই, আপনি কেন এই পুনর্বিবেচনার(review) জন্য অনুরোধ করেছেন সেটা তাদের লিখিতভাবে জানাতে বলবে। ল সেন্টার এটা লিখবার জন্য সাহায্য করতে এবং উপদেশ দিতে পারবে। দয়া করে নীচের নম্বরে ফোন করে এপয়েন্টমেন্টের জন্য অনুরোধ করুন। সোসাল ফান্ড ইনিসপেরটর আপনার আবেদন মানতে পারে বা নাও মানতে পারে, অথবা এই আবেদন স্থানীয় সোসাল সিকিউরিটির অফিসে ফেরত পাঠাতে পারে। সোসাল ফান্ড অফিসার যদি এই আবেদন আবার প্রত্যাখ্যান করেন তাহলে আপনি পুনরায় ইনসপেক্টরের কাছে আবেদন করতে পারেন।

সোসাল ফান্ড ইনিসপেক্টরস(Social Fund Inspectors) যদি সিদ্ধান্ত পরিবর্ত্তন করতে প্রত্যাখ্যান করে, তাহলে এর পর এ সম্বন্ধে কিছু করা খুব কঠিন। এর পর সাধারনত কোর্টের কেসের মাধ্যমেই পুনর্বিবেচনা হতে পারে। ল সেন্টার এ সম্বন্ধে আপনাকে উপদেশ দিতে পারবে।

## দয়া করে মনে রাখবেন

আপনি যদিও মনে করেন যে সোসাল সিকিউরিটির(DSS) সিদ্ধান্ত ভুল, তাহলেও আপনার ইন্ডিপেনডেন্ট ট্রাইবুনালে(independent tribunal) শুনানীর কোন অধিকার নাই।

*যদিও সবরকমভাবে এই লিফলেটের তথ্যগুলিকে সঠিক এবং আধুনিক(up to date) করবার যথাসাধ্য চেষ্টা করা হয়েছে, তবুও এটা মনে করা উচিত নয় যে এটা আইনের সম্পূর্ন এবং প্রামানিক(authoritative) বিবরণ। এটা আইনের কোন উপদেশও গঠন(constitute) করে না - কোন ভুল তথ্য এবং তাদের ফলাফলের জন্য আমাদের দায়ী করা চলবে না। যে সকল ব্যক্তিরা ইংল্যান্ডে এবং ওয়েলসে বসবাস করছেন অথবা সেখানকার আইনের দ্বারা প্রভাবিত, এই লিফলেট কেবলমাত্র তাদের জন্য*

**কমিউনিটি কেয়ার গ্রাণ্ট হচ্চে সোসাল সিকিউরিটির একবারের আর্থিক অনুদান।**